



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭.৪৬

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪২৯

১৬ মে ২০২২

বিষয়: মূলভবন ও দৃশ্যমান স্থানে মাদ্রাসার নাম ঠিকানা সম্বলিত সাইনবোর্ড স্থাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন স্থানে স্থাপিত অধিকাংশ মাদ্রাসার মূলভবনে মাদ্রাসার নাম ঠিকানা সম্বলিত কোন সাইনবোর্ড স্থাপন করা হয় না। তাছাড়া বড় রাস্তার পাশে কিংবা দৃশ্যমান স্থানে দিক-নির্দেশক চিহ্নসহ মাদ্রাসার নাম ঠিকানা সম্বলিত সাইনবোর্ডও স্থাপন করা হয় না। ফলে পরিদর্শনকালে কিংবা দাপ্তরিক প্রয়োজনে মাদ্রাসার সঠিক অবস্থান (Location) চিহ্নিত করা কষ্টসাধ্য হয়ে পড়ে। প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের দিক-নির্দেশক বা সাইনবোর্ড দৃশ্যমান স্থানে থাকলেও অধিকাংশ মাদ্রাসার ক্ষেত্রে তা দেখা যায় না। তাছাড়া শিক্ষা প্রতিষ্ঠানের নাম ঠিকানা সম্বলিত সাইনবোর্ড স্থাপনের বিষয়ে সরকারি নির্দেশনাও রয়েছে। উপরন্তু দৃশ্যমান স্থানে সাইনবোর্ড স্থাপন করা হলে মাদ্রাসার প্রচার ও পরিচিতির জন্য সহায়ক হয়।

এমতাবস্থায়, দেশের সকল কামিল/ফাজিল/আলিম/দাখিল/এবতেদায়ী মাদ্রাসার মূলভবন ও প্রবেশপথে নাম ঠিকানা সম্বলিত সাইনবোর্ড এবং বড় রাস্তার পাশে কিংবা দৃশ্যমান স্থানে দিক-নির্দেশক চিহ্নসহ মাদ্রাসার নাম ঠিকানা সম্বলিত সাইনবোর্ড (বাংলায়) স্থাপনের জন্য অনুরোধ করা হলো।

১৭-৫-২০২২

কে. এম. রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৪১০৩০১৫৯

ইমেইল: dg@dme.gov.bd

বিতরণ :

- ১) অধ্যক্ষ, বিএমটিআই, গাজীপুর/সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা/ সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট/সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া।
- ২) অধ্যক্ষ/সুপার/এবতেদায়ী প্রধান.....(সকল মাদ্রাসা)

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭.৪৬/১(১৯৪)

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪২৯

১৬ মে ২০২২

অনুলিপি:

- ১) সচিব মহোদয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) বিভাগীয় কমিশনার...(সকল) [আওতাধীন মাদ্রাসায় নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ৩) জেলা প্রশাসক....(সকল) [আওতাধীন মাদ্রাসায় নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ৪) উপজেলা নির্বাহী অফিসার...(সকল) [আওতাধীন মাদ্রাসায় নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ৫) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার.....(সকল)।

১৭-৫-২০২২

মাহফুজা ইয়াছমিন

সহকারী পরিচালক